

প্রশ্নঃ ৩৭৯. কুরবানী/আকিকা ৩ ভাগে সমান ভাগে ভাগ করে ১ ভাগ গরিবের এক ভাগ আত্মীয় স্বজন ও ১ ভাগ নিজের। এমন কোন বিধান বা হাদিস আছে কিনা? ইসলাম কি বলে।

কোরবানির গোস্ত তিন ভাগের কথা বলা হলেও আকিকার গোস্ত তিন ভাগ করার কথা বর্ণিত নেই। তবে উভয়ের গোস্ত নিজে খাওয়া ও অন্যকে খাওয়ানো বৈধ।

ইবনু আব্বাস রা. বলেন, রাসূলুল্লাহ সা. কুরবানীর গোস্ত তিন ভাগ করে একভাগ নিজ পরিবারকে খাওয়াতেন ও একভাগ অভাবী প্রতিবেশীদের দিতেন ও একভাগ সায়েলদের মধ্যে সদকা করতেন। (মির'আত ৫/১২০; ইবনু কুদামা, মুগনী ১১/১০৮-০৯)।

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

